

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৯৪

বিলৌনীয়া, ১৩ নভেম্বর, ২০২৪

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা  
ভারতচন্দ্রনগর ব্লকে মৎস্যজীবীদের সহায়তা

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় বিলৌনীয়া মহকুমার ভারতচন্দ্রনগর ব্লকের ৪ জন মৎস্যজীবীকে আইস বক্স সহ অটো এবং আইস বক্স সহ মোটর সাইকেল ক্রয় করার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৬০ হাজার টাকা। তাছাড়াও এই যোজনায় ব্লকের ২ জন মহিলা মৎস্যজীবীকে আইস বক্স সহ বাইসাইকেল ক্রয় করার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১২ হাজার টাকা। বিলৌনীয়া মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*